দৈনিক বাংলা

তারিখ ...12 JAN 1997
পৃঃ 2 কলাম 3

10

সাধিত হবে।

# শিশু-কিশোরদের বিজ্ঞানমনস্ক করে গড়ে তোলা হবে ঃ শিক্ষামন্ত্রী

সরকার প্রাথমিক শিক্ষা পর্ব থেকে শিশু-কিশোরদের বিজ্ঞান-মনস্ক করে গড়ে তোলার লক্ষ্যে একটি কর্মসূচী গ্রহণ করার চিন্তা-ভাবনা করছে। এ কর্মসূচীতে দেশের উপযোগী বিজ্ঞান ও প্রযুক্তির পরিচিতি চিত্রমালার সাহায্যে আকর্ষণীয় করে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার সম্ভাব্যতার বিষয়টি দ্রুত হাতে নেয়া হবে।

শিক্ষা এবং বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী এ এস এইচ কে সাদেক বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশ বিজ্ঞান ও একাডেমীর ফেলোদের সঙ্গে এক বৈঠকে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

বৈঠকে বিজ্ঞান একাডেমীর ফেলোগণ বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রীকে প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মসূচী ও লক্ষ্য সম্পর্কে অবহিত করেন। এ বছর অনুষ্ঠিতব্য 'উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির জাতীয় সম্মেলন-এর বিভিন্ন দিক নিয়েও বৈঠকে আলোচনা করা হয়।

মন্ত্রী আর্থ-সামাজিক উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তির কার্যকর ব্যবহার বাড়ানোর পন্থা আরও ব্যাপকতর করার জন্য ফেলোদের প্রতি আহবান জানান। এ ব্যাপারে সম্ভব সকল প্রকার সরকারী সহায়তারও তিনি আশ্বাস দেন।

বৈঠকে অন্যান্যের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মুহঃ ফজলুর রহমান উপস্থিত ছিলেন।